

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০৫১

পরিচ্ছেদঃ বিষ বা অন্য কিছু প্রয়োগে আত্মহত্যা করা।

## باب ما جاء فيمن قتل نفسه بسم أو غيره

#### আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، عَنْ شُعْبَةً، عَنِ الأَعْمُشِ، قَالَ سَمِعْتُ أَبَا صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةً، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَتَلَ نَفْسَهُ بِحَدِيدَةٍ فَحَدِيدَةٌ فِي يَدِهِ يَتَوَجَّأُ بِهَا فِي بَطْنِهِ فِي نَارِ جَهَنَّمَ خَالِدًا مُخَلَّدًا فِيهَا أَبدًا وَمَنْ تَرَدَّى قَتَلَ نَفْسَهُ بِسُمٌ فَسُمُّهُ فِي يَدِهِ يَتَحَسَّاهُ فِي نَارِ جَهَنَّمَ خَالِدًا مُخَلَّدًا فِيهَا أَبدًا " . مِنْ جَبَلِ فَقَتَلَ نَفْسَهُ فَهُو يَتَرَدَّى فِي نَارِ جَهَنَّمَ خَالِدًا مُخَلَّدًا فِيهَا أَبدًا " . مِنْ جَبَلِ فَقَتَلَ نَفْسَهُ فَهُو يَتَرَدَّى فِي نَارِ جَهَنَمَ خَالِدًا مُخَلِّدًا فِيهَا أَبدًا " . حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ، حَدَّثَنَا وَكِيعٌ، وَأَبُو مُعَاوِيَةَ عَنِ الأَعْمَشِ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَ حَديث شُعْبَةَ عَنِ الأَعْمَشِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ صَحِيحٌ وَهُو أَصِحُ مِنَ الْحَديثِ الأَوْلِ . هَكَذَا رَوَى غَيْرُ وَاحِد هَذَا الْحَديثَ عَنِ الأَعْمَشِ عَنْ أَبِي صَلى الله عليه وسلم . وَرَوَى مُحَمَّدُ بُنُ عُجُلانَ عَنْ سَعِيد الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَرَوَى مُحَمَّدُ بُنُ عُجُلانَ عَنْ النَّيْ مِ عُنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَتَلَ نَفْسَهُ بِسُمٌ عُذَّبُ فِي نَارِ جَهَنَّ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَتَلَ نَفْسَهُ بِسُمٌ عُذَّ بَقِي الْقَوْحِيدِ يُعَذَّبُونَ فِي النَّارِ ثُمَّ يُخَدُرُ فِيهِ خَالِدًا مُخَلَّدًا فِيهَا . وَهَكَذَا رَوَاهُ أَبُو الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَيْ هُرَيْرَةَ عَنِ النَّيْرِ فَي النَّارِ ثُمَّ يُخَدُونَ فِيهَا الله عليه وسلم وَلَمُ اللهُ يُخَذَّدُ رَوَاهُ أَبُو الزِّنَادِ عَنِ النَّوْحَيدِ يُعَذَّبُونَ فِي النَّارِ ثُمَّ يُخَدُّرُ وَيهِ عَلَالًا وَنَا فَي النَّارِ ثُمَّ يُعَلِّدُونَ فِي النَّارِ ثُمَّ يُعَمَّدُ وَلَا الله عليه وسلم مَنْهُ اللهُ عَلَيه وَلَهُ وَلَوْنَ فِي النَّارِ ثُمَّ أَلُولُ التَّوْحِيدِ يُعَدَّبُونَ فِي النَّارِ ثُمَّ الْمُعَلَّدُ الْمُ اللهُ عَلَيْهُ اللهُ عَلَيْهُ ا

#### বাংলা

২০৫১. মাহমূদ ইবন গায়লান (রহঃ) ...... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি লৌহাস্ত্র দিয়ে আত্মহত্যা করে সে কিয়ামতের দিন এমনভাবে উপস্থিত হবে যে তার হাতে থাকবে সে লৌহ। জাহান্নামের আগুনে থেকে সবসময়ের জন্য সে তা দিয়ে তার পেটে ঘা



মারতে থাকবে। যে ব্যক্তি বিষ খেয়ে আত্মহত্যা করে সে বিষ তার হাতে থাকবে আর জাহান্নামের আগুনে থেকে সব সময়ের জন্য সে তা গলঃধকরণ করতে থাকবে। সহীহ, তিরমিজী হাদিস নম্বরঃ ২০৪৪ [আল মাদানী প্রকাশনী]

মুহাম্মদ ইবনুল আলা' (রহঃ) ... আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শু'বা-আমাশ বর্ণিত হাদীসের (২০৫১ নং) অনুরূপ বর্ণনা করেছেন। হাদীসটি সহীহ। এটি প্রথমোক্ত হাদীসটি (২০৫০ নং) থেকে অধিক সহীহ। এই হাদীসটি একাধিক ব্যক্তি আ'মাশ-আবৃ সালিহ-আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু অলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন, মুহাম্মদ ইবন আজলান (রহঃ) সাঈদ মাকবুরী-আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি বলেনঃ যে ব্যক্তি বিষ খেয়ে আত্মহত্যা করে জাহালামের আগুনে তাকে আযাব দেওয়া হবে। এতে। এনে এনে সময়ের জন্য সে তাতে অবস্থান করবে) এই কথার উল্লেখ নাই।

আবৃ যিনাদ (রহঃ) এটিকে আ'রাজ-আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে অনুরূপ রিওয়ায়াত করেছেন। এটি অধিকত সহীহ। কেননা বহু রিওয়ায়াতে উল্লেখ রয়েছে যে, তওহীদে বিশ্বাসী ব্যক্তিকে (আমলের ত্রুটির কারণে) জাহান্নামে আযাব প্রদান করা হবে বটে কিন্তু পরে তাকে তা থেকে বের করে নিয়ে আসা হবে। তাদের সেখানে সদা সর্বদার জন্য রাখা হবে বলে কোন উল্লেখ নাই।

### **English**

Abu Hurairah narrated (that the Messenger of Allah (s.a.w)) said: "Whoever kills himself with (an instrument of)iron, his iron will be in his hand, to continually stab himself in his stomach with it, in the fire of Jahannam, dwelling in that state eternally. And whoever kills himself with poison, then his poison will be in his hand, to continually take it in the Fire of Jahannam, dwelling in that state eternally. And whoever throws himself from a mountain to kill himself, then he will be continually throwing himself in the Fire of Jahannam, dwelling in that state eternally"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন